



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাড়ী নং ৪০/এ, রোড নং ২০
মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬

www.frcbd.org



নং- ১৪৬/এফআরসি/এসএস/প্রজ্ঞাপন/২০২০/৬৮

তারিখঃ ২৪ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

ডাইলুটেড ইপিএস (Diluted EPS) গণনায় শেয়ার মানি ডিপোজিট এর বিপরীতে
শেয়ারের সংখ্যা / মূল্য নির্ধারণ:

ইতোপূর্বে ১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: তারিখে বাংলাদেশ গেজেটে জারিকৃত শেয়ার মানি ডিপোজিট সংক্রান্ত প্রজ্ঞাপনের প্রেক্ষিতে ডাইলুটেড ইপিএস গণনা সংক্রান্ত বিষয়ে অস্পষ্টতা দূরীকরণে আইএএস ৩৩ এবং আইএএস ৩২ ভিত্তিক নিম্নোক্ত ব্যাখ্যা প্রদান করা হলো।

আইএএস-৩৩ (IAS-33, EPS) এর প্যারা ৩১ এবং ৩৬ এর নির্দেশনা অনুযায়ী শেয়ার মানি ডিপোজিট যা সম্ভাব্য রূপান্তরযোগ্য সাধারণ শেয়ার হিসাবে বিবেচিত হয় এবং এর বিপরীতে যে সংখ্যক সাধারণ শেয়ার রূপান্তর করা হবে সেই সংখ্যা বিদ্যমান সাধারণ শেয়ার সংখ্যার সাথে যুক্ত করে ডাইলুটেড ইপিএস গণনা করতে হবে। এক্ষেত্রে শেয়ার মানি ডিপোজিট সংক্রান্ত শেয়ারের মূল্য এবং সংখ্যা নির্ধারণে আইএএস-৩২ (IAS-32, Financial instrument) এ উল্লিখিত নীতি হচ্ছে শেয়ার মূল্য এবং সংখ্যা সুনির্দিষ্ট স্থির মূল্যে (Fixed Price) হবে। পরিবর্তনশীল মূল্য (Variable Price) যেমন, ভবিষ্যত মূল্যের (শেয়ারের রূপান্তরের তারিখের নেট এসেট মূল্য বা ফেয়ার মূল্য অনুযায়ী যে সংখ্যক শেয়ার হয়) ভিত্তিতে চুক্তি হলে তা দায় (Liability) হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। অর্থাৎ ইকুইটি হবে না। সেই মোতাবেক কোম্পানিসমূহ ডিপোজিট গ্রহণের সময়ে নির্ধারিত শেয়ার সংখ্যা, মূল্য যা কিনা স্থির (Fixed) ভিত্তিতে নির্ধারিত তা দ্বারা ডাইলুটেড ইপিএস গণনা করবে।

এ ব্যাপারে যদি কোন চুক্তি না থাকে বা চুক্তিতে উক্ত দুটি বিষয় (শেয়ার সংখ্যা, শেয়ার মূল্য) অন্তর্ভুক্ত না থাকে তবে কোম্পানিসমূহের উচিত হবে অবিলম্বে তা অন্তর্ভুক্ত করা।

Ref: IAS-33, Para 31, 36, IAS-32, Para 22, AG27(a) and AG27(d)


(মুহাম্মদ আনওয়ারুল করিম, একসিএ)

নির্বাহী পরিচালক (মানদন্ড নির্ধারণী বিভাগ)

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

ই-মেইল: admin@frcbd.org